

Ex/BANGLA/UG/6.1/75/2019

কলাস্নাতক অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৯

(তৃতীয় বর্ষ, ষষ্ঠ সিমেস্টার)

সাম্মানিক বাংলা

বিশ শতকের বাংলা কবিতা

কোর্স : পি.জি. - ৬.১

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. কবি মোহিতলালের 'নিশীথ-স্বপন' এবং 'জাগ্রত ভূবন'-এর মধ্যে যে দোলাচলতা তা 'রতি ও আরতি' কবিতায় কীভাবে ধরা পড়েছে বিশ্লেষণ করো। ১০

অথবা

২. বিষয় ও শৈলীগত দিক থেকে কবি নজরুল ইসলাম কীভাবে নিজেকে রবীন্দ্রোত্তর কবি হিসেবে প্রতিষ্ঠা করেছেন, তা ফরিয়াদ কবিতা বিশ্লেষণ করে বুঝিয়ে দাও। ১০

৩. তোমার পাঠ্য জীবনানন্দ দাশের কবিতায় টানা লেখার মাঝে ছেদ, বা স্তবক সাজানোয় কোনও বিশেষত্ব দেখ কি? আলোচনা করে এ সম্পর্কে তোমার বক্তব্য জানাও। ১০

অথবা

৪. বিষ্ণু দে'র 'ঘোড়সওয়ার' কবিতার শেষ চারটি লাইন একেবারেই অপ্রয়োজনীয়। আসলে এর ঠিক আগেই কবিতাটি শেষ হয়ে যায়। এই মত কি তুমি মানবে? যুক্তিসহ লেখো। ১০

(Turn over)

(2)

৫. তোমার পাঠ্য সুভাষ মুখোপাধ্যায়ের কবিতায় কখনো কখনো আসে কাহিনির আভাস। বিষয়টি তোমাকে কীভাবে ভাবায়? লেখো। ১০

অথবা

৬. শব্দ দিয়ে নয়, ছুঁয়ে দেখার মতো করে কথা বলেন অরুণ মিত্র। ভাষাশিল্পী হিসেবে শব্দ দিয়েই তো গড়ে তোলেন কবিতা, অথচ শব্দ দিয়েই তো গড়ে তোলেন কবিতা, অথচ শব্দ নিয়েই কবির এই সংশয়ী অবস্থানকে তুমি কীভাবে পড়বে? ১০

৭. নকশাল আন্দোলনের উত্তাল সময় শঙ্খ ঘোষের কবিতায় কীভাবে ধরা পড়ে। তোমার পঠিত কবিতা অবলম্বনে বুঝিয়ে লেখো। ১০

অথবা

৮. শক্তি চট্টোপাধ্যায়ের 'চাবি' কবিতাটি কি প্রেমের না প্রেমহীনতার? তোমার মত বুঝিয়ে লেখো। ১০